গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(চিকিৎসা সহায়তা শাখা)
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নং-৪১.০১.০০০০.০০০.০৫২.৯৯.০০০৩.২৪ ৪১৫ | তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

বিষয়ঃ ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সফটওয়্যারে তথ্য হালনাগাদ না থাকার ব্যাখ্যা প্রদান।

সূত্র: নম্বর-৪১.০০.০০০০.০০০.০২৩.০৬.০০১.২৬.৫৪৬ তারিখ: ২৬ জুলাই ২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে সর্বমোট ৩০০.০০ কোটি টাকা বরাদ্দ ছিল। তন্মধ্যে মাঠ পর্যায়ের জন্য ৭৫% হিসেবে ২২৫.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। উক্ত কার্যক্রমের আওতায় বিতরণকৃত অর্থের হালনাগাদ প্রতিবেদন মন্ত্রণালয়ের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম (IDSDP) সফটওয়্যারে থাকা আবশ্যক। সফটওয়্যারে তথ্যাদি অনুমোদন করে আবেদনকারী বরাবর অর্থ ব্যয়ের নির্দেশনা থাকলেও মাঠ পর্যায়ে বিভিন্ন জেলা হতে ২০২৫-২৬ অর্থবছরে বিতরণকৃত অর্থের হালনাগাদ ব্যয় বিবরণী/প্রতিবেদন সফটওয়্যারে হালনাগাদ না করেই অর্থছাড় করা হয়েছে। যার ফলে মন্ত্রণালয়ের মনিটরিং কমিটি কর্তৃক উক্ত কার্যক্রমটির মূল্যায়ণ করা সম্ভব হচ্ছে না এতে কার্যক্রম বাস্তবায়নে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। উপকারভোগীদের অনুকূলে বিতরণকৃত অর্থের হালনাগাদকৃত তথ্যাদি সফটওয়্যারে আপলোড না করা মাঠ পর্যায়ের কর্মকর্তাদের 'সরকারি কর্মচারী শৃঙখলা ও আপীল বিধিমালা, ২০১৮ অনুযায়ী কর্তব্যকর্মে অবহেলা মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিতাবস্থায়, ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রমের আওতায় আপনার জেলার বিতরণকৃত অর্থের হালনাগাদকৃত তথ্যাদি (IDSDP) সফটওয়্যারে আপলোড করা হলো না তার ব্যাখ্যা আগামী ০৯/০৮/২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ পত্রে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

বিষয়টি অতীব জরুরী।

৩০.০৭.২৬
(মোঃ মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৪৪৮২৬৮০১

পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/ময়মনসিংহ/সিলেট।

সদয় জ্ঞাতার্থে:

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ..................(নির্দিষ্ট তারিখের মধ্যে ব্যাখ্যা প্রদানের অনুরোধ করা হলো)।
৪। ব্যবস্থাপনা পরিচালক, সিনটেক সলিউশন লিমিটেড, ডিওএইচএসএস, মহাখালী , ঢাকা।
৫। অফিস কপি।

Sokaj Letter.doc.